
যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনা ফেরাতে তেহরানে কাতারের প্রতিনিধিদল



ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের সঙ্গে শান্তি আলোচনা আবারও শুরু করার প্রচেষ্টা জোরদারের মধ্যে ইরানি কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করতে তেহরানে পৌঁছেছে কাতারের একটি প্রতিনিধিদল। শুক্রবার (৩০ অক্টোবর) দলটি ইরানের রাজধানীতে পৌঁছায়।

ইরানের রাষ্ট্রীয় বার্তা সংস্থা ইরনার বরাতে এএফপি জানিয়েছে, কাতারের প্রধানমন্ত্রীর একজন জ্যেষ্ঠ উপদেষ্টার নেতৃত্বে প্রতিনিধিদলটি ইরানের শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করবে। আলোচনায় দ্বিপক্ষীয় সম্পর্কের পাশাপাশি আঞ্চলিক পরিস্থিতি গুরুত্ব পাবে।

মধ্যপ্রাচ্যে আট মাস ধরে চলা যুদ্ধের মধ্যে নতুন করে সংঘাত ছড়িয়ে পড়ার আশঙ্কা বাড়ছে। এমন পরিস্থিতিতে সাম্প্রতিক দিনগুলোতে কয়েকটি দেশের জ্যেষ্ঠ কর্মকর্তারা তেহরান সফর করেছেন। যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে আলোচনা পুনরায় শুরুর পথ তৈরি করতেই মধ্যস্থতাকারীদের তৎপরতা অব্যাহত রয়েছে।

কাতারের প্রতিনিধিদলের সফরের এক দিন আগে ইরানি গণমাধ্যম জানায়, যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্সের পাঠানো একটি চিঠি পেয়েছে তেহরান। ইরানের নিরাপত্তাপ্রধান মোহসেন রেজায়ির উদ্দেশে চিঠিটি পাঠানো হয়।

দ্য ওয়াল স্ট্রিট জার্নালের প্রতিবেদনে বলা হয়েছে, চিঠিতে সম্ভাব্য শান্তি আলোচনার কাঠামো নিয়ে গুরুত্ব দেওয়া হয়েছে। তবে কোনো সুনির্দিষ্ট শান্তিচুক্তির শর্ত উল্লেখ করা হয়নি।

দ্য নিউইয়র্ক টাইমসের তথ্য অনুযায়ী, গত সপ্তাহে কাতারের মধ্যস্থতাকারীদের মাধ্যমে চিঠি পাঠিয়ে যোগাযোগের উদ্যোগ নেন ভ্যান্স। পরে রোববার চিঠিটি জেনারেল মোহসেন রেজায়ির কাছে পৌঁছে দেওয়া হয়।